তারিখ ... ৪।১০।৮৩ ...
পৃষ্ঠা ... ২ কলাম ... ৫ ...

# জাতি শিক্ষকদের নিকট অনেক কিছু আশা করে

—শিক্ষামন্ত্রী

শিক্ষামন্ত্রী ডঃ আবদুল মজিদ খান বলেন, জাতি শিক্ষকদের নিকট অনেক কিছু আশা করে এবং শিক্ষকদের জাতির আশা-আকাংখা পূরণে আগাইয়া আসিতে হইবে। তিনি বলেন, সরকার শিক্ষকদের দাবী পূরণে সম্পূর্ণ সচেতন। বাংলাদেশ প্রাথমিক শিক্ষক সমিতির সাধারণ সম্পাদকের নিকট প্রধান

( ৫ম পৃঃ দ্রঃ )

## শিক্ষামন্ত্রী

( ৩য় পৃঃ পর )

সামরিক আইন প্রশাসকের প্রতিশ্রুত ৬ লক্ষ ৮১ হাজার ৭ শত টাকার এই চেক হস্তান্তরের সময় শিক্ষামন্ত্রী উক্ত কথাগুলি বলেন।

প্রধান সামরিক আইন প্রশাসক গত ২৩শে জুলাই মীরপুরে অনুষ্ঠিত বাংলাদেশ প্রাথমিক শিক্ষক সমিতির মহাসম্মেলনে প্রাথমিক শিক্ষাভবন কমপ্লেক্স নির্মাণ, জমি ক্রয় এবং সম্মেলনের ব্যয় নির্বাহের জন্য উপরোক্ত অর্থ প্রদানের প্রতিশ্রুতি দিয়াছিলেন।

সরকারের বিকেন্দ্রীকরণ নীতিমাল ব্যাখ্যা করিয়া ডঃ খান বলেন, শিক্ষাকে বিকেন্দ্রীকরণ করিয়া সরকার জনগণের নিকট তাহাদের অধিকার ফিরাইয়া দিয়াছেন। স্থানীয় জনসাধারণই প্রাথমিক শিক্ষা উন্নয়নে কাজ করিবেন, উপজেলা কর্তৃপক্ষ শুধু প্রাথমিক স্কুলের ব্যবস্থাপনার দায়িত্বে নিয়োজিত থাকিবেন। তিনি সুস্পষ্ট ভাষায় বলেন, প্রাথমিক শিক্ষা বিকেন্দ্রীকরণ পদক্ষেপ কোন রাজনৈতিক উদ্দেশ্যপ্রণোদিত নয়, একটি প্রশাসনিক ব্যবস্থামাত্র। খবর তথ্য বিবরণীর।

026